

## আনন্দচন্দ্র কলেজ

### বাংলা বিভাগ

বি এ দ্বিতীয় সেমিস্টার ::: অভ্যন্তরীণ পরীক্ষা ২০২০

### বাংলা জেনেরিক ইলেকটিভ (BENGALI GENERIC ELECTIVE)

পূর্ণমান ১০

উত্তরপত্রে ছাত্রের সম্পূর্ণ নাম, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর, কলেজ রোল এবং যোগাযোগের জন্য ফোন নম্বর অবশ্যই লিখতে হবে।

#### ১) যে কোনও একটি প্রশ্নের উত্তর দাও

৫

ক) অনুপ্রাস কাকে বলে? অনুপ্রাস কয় প্রকার, উদাহরণসহ অনুপ্রাসগুলির নাম লেখো। ২+১+২

খ) যে কোনও দুটির সংজ্ঞা লেখো ২.৫x ২

অ) যমক    আ) শ্লেষ    ই) উপমা    ঈ) রূপক

গ) যে কোনও দুটির উদাহরণসহ সংজ্ঞা লেখো ২.৫x ২

অ) দল    আ) কলা    ই) মাত্রা    ঈ) পঙ্ক্তি    উ) যতি

ঘ) যে কোনও একটির ছন্দোলিপি নির্ণয় করো ৫

অ) দিনের আলো নিবে এল সূর্য ডোবে ডোবে

আকাশ ঘিরে মেঘ জুটেছে চাঁদের লোভে লোভে।

আ) পাঠশালে হাই তোলে মতিলাল নন্দী

বলে 'পাঠ এগোয় না যত কেন মন দি'।

ঙ) মিশ্রকলাবৃত্ত বা অক্ষরবৃত্ত ছন্দ কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

চ) ছেলেভুলানো ছড়াগুলি একই সঙ্গে চিরনতুন ও চিরপুরাতন – দৃষ্টান্তসহকারে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

ছ) চিত্রময়তা ছড়ার অন্যতম বিশেষত্ব --- 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে দুটি দৃষ্টান্তসহ আলোচনা করো।

## ২) যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দাও

১x৫

- ক) কবিগান কাদের তৃপ্তির উদ্দেশ্যে লেখা হয়েছিল?
- খ) কবিগানের দুটি নেতিবাচক বৈশিষ্ট্য লেখো।
- গ) দলবৃত্ত ছন্দের আর দুটি নামের উল্লেখ করো।
- ঘ) 'রাজসভাকবি রায়গুণাকরের অনন্দামঙ্গল-গান...' -- রায়গুণাকরের সম্পূর্ণ নাম লেখো।
- ঙ) যমক শব্দটির অর্থ কী ?
- চ) 'যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে'-- পরের পঙ্ক্তিটি লেখো।
- ছ) আমাদের অলঙ্কার শাস্ত্রে কটি রসের উল্লেখ আছে?
- জ) যে কোনও দুটি অর্থালঙ্কারের নাম লেখো।
- ঝ) পুরাকালে গান ও কাব্য কাদের জন্য সৃষ্টি করা হত?
- ঞ) ছেলেভুলানো ছড়ার মধ্যে রবীন্দ্রনাথ কোন রসের সন্ধান পেয়েছেন?

\*\*\*\*\*